গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Disaster Risk Management
Enhancement Project (Component 2 & 3)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী, বা/এ, ঢাকা- ১২১২।

স্মারক নং: ৫১.০১.০০০০.০৪৪.৪০.০০১.২১.১৬৯৭

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলায় (Package No- W1/DRMEP/SAT-Assay-UZR/02, Tender ID: 555793) চলমান কাজ শুরু না করায় জামানতের অর্থ রাষ্ট্র বরাবরে নগদায়ন পূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠানকে কালোতালিকাভুক্ত করণ প্রসংগে।**

সূত্রঃ
১। অত্র অফিসের NOA স্মারক নং-৯৩৬, তারিখঃ ২৫/০৪/২০২১খ্রিঃ।
২। অত্র অফিসের কার্যাদেশের স্মারক নং-১০৩০, তারিখঃ ০৯/০৫/২০২১খ্রিঃ।
৩। অত্র অফিসের অতিরিক্ত কাজের কার্যাদেশের স্মারক নং-০২৪৩, তারিখঃ ৩০/০৮/২০২২খ্রিঃ।
৪। অত্র অফিসের ১ম তাগিদ পত্রের স্মারক নং- ১৪৫১, তারিখঃ ০২/০৩/২০২২খ্রিঃ।
৫। অত্র অফিসের ২য় তাগিদ পত্রের স্মারক নং- ৮৬১(১), তারিখঃ ৩১/০১/২০২৩খ্রিঃ।
৬। অত্র অফিসের ৩য়/চূড়ান্ত তাগিদ ও ২৮ দিনের কারণ দর্শানো পত্রের স্মারক নং- ৮৮৮, তারিখঃ ০৫/০২/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Disaster Risk Management Enhancement Project (Component 2 & 3)" শীর্ষক প্রকল্পের আওতায় LGED-র অধীনে Package No- W1/DRMEP/SAT-Assay-UZR/02, Tender ID: 555793 এর সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলায় চলমান সংস্কার ও মেরামত কাজের জন্য আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দর সর্বনিম্ন রেসপনসিভ বিবেচিত হওয়ায় সূত্রোক্ত ০১ নং স্মারকে ৩,৬৯,৩৬,৭৪৪.৩০/- (তিন কোটি উনসত্তর লক্ষ ছত্রিশ হাজার সাতশত চুয়াল্লিশ টাকা ত্রিশ পয়সা) টাকার NOA প্রদান করা হয়। নির্দিষ্ট পরিমান পারফরমেন্স সিকিউরিটি জমা প্রদান পূর্বক ০৯/০৫/২০২১খ্রিঃ তারিখে আপনার সাথে প্রকল্প অফিসের চুক্তিপত্র সম্পাদিত হয় এবং কাজ শুরুর পূর্বে নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা-কে অবহিত করে Site বুঝে নিয়ে কাজ শুরু করার জন্য সূত্রোক্ত ০২ নং স্মারকে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে আপনার প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে ও বাস্তবতার প্রয়োজনীয়তা বিবেচনায় এ অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক ভেরিয়েশন অনুমোদন করে সূত্রোক্ত ০৩ নং স্মারকে অতিরিক্ত কাজের কার্যাদেশ প্রদান করা হয়।

০২। কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শুরু না করায় সূত্রোক্ত ০৪ নং স্মারকে Drawing Design মোতাবেক কাজ শুরু করার জন্য ১ম তাগিদ পত্র প্রেরণ করা হয়। কাজ শুরু না করায় সূত্রোক্ত ০৫ নং স্মারকে কেন কাজ বন্ধ রয়েছে জানতে চেয়ে কারণ দর্শানোসহ ২য় তাগিদ পত্র প্রেরণ করা হয়। কার্যাদেশ প্রদানের তারিখ হতে ০২ বছর এর অধিক সময় অতিক্রান্ত হওয়ার পরেও নির্মাণ কাজ সম্পন্ন করে কাজ বন্ধ রাখায় চুক্তিপত্রের মৌলিক শর্ত লঙ্ঘিত হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি ৪২(১) অনুযায়ী চুক্তিপত্রের মৌলিক শর্ত ভঙ্গ করায় উল্লিখিত DRMEP প্রকল্পের পারফরমেন্স সিকিউরিটি Compensate-সহ আপনার লাইসেন্স কেন কালো তালিকা ভুক্ত করা হবেনা তা লিখিত জবাব প্রদানের জন্য সূত্রোক্ত ০৬ নং স্মারকে ২৮(আটাশ) দিনের সময় দিয়ে চূড়ান্ত তাগিদ পত্র প্রেরণ করা হয়। যার জবাব অদ্যাবধি পাওয়া যায়নি।

০৩। চুক্তিপত্রের মৌলিক শর্ত অনুযায়ী কাজ শুরু না করায় এবং উপরোক্ত ০৩টি তাগিদ পত্রের জবাব না দেয়ায় কার্যসম্পাদন জামানতের অর্থ রাষ্ট্র বরাবরে নগদায়ন (Compensate) করে আপনার প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করার জন্য Hope বরাবর প্রস্তাব প্রেরন করা হলে তা গত ০৩/০৬/২০২৫ তারিখে অনুমোদিত হয়।

০৪। এমতাবস্থায়, Contract Document এর General Conditions of contract (GCC) এর Clause 89 অনুযায়ী ০৩ জুন ২০২৫ খ্রিঃ তারিখ থেকে Contract টি Termination for Debar হয়েছে বলে গণ্য হবে এবং PCC Clause 90 অনুসারে Performance Security এর সম্পূর্ণ টাকা Compensation করে সরকারি ব্যাংক হিসাবে নগদায়ন করা হবে।

PCC Clause 90 অনুসারে Compensate কৃত বাকী টাকা আদায়ের জন্য আপনাকে আলাদাভাবে পত্র প্রেরন করা হবে। এছাড়াও চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করায় পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ (৫) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ১২৭ (৪) (গ) অনুসারে ০২ (দুই) বছরের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সকল ক্রয় কার্যক্রম থেকে অযোগ্য ঘোষণা করা হল।

০৩/০৮/২৫

মোঃ মুজিবুর রহমান
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-২২২২৮৩৯৮৯
ইমেইল: drmep.office@gmail.com

PANGUCHI ENTERPRISE
GREEN SUPER MARKET
(3rd FLOOR, Room no:18)
Green Road, Dhaka-1205

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো**

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। Director, BPPA Bhaban, BPPA, Implementation Monitoring and Evaluation Division (IMED), Ministry of Planning, Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka-1207 (কালো তালিকাভুক্তকরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
০৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আবুদল গণি রোড, ঢাকা।
০৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সাতক্ষীরা।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা।
০৯। টিম লিডার, কনসালটেন্ট, DRMEP
১০। কো-টিম লিডার, কনসালটেন্ট, DRMEP
১১। Manager, United Commercial Bank Limited, Satmasjid Road Branch.
১২। প্রকল্প পরিচালক, (সকল)
১৩। প্রোগামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (পত্রটি Website এ প্রকাশের জন্য ব্যবস্থা গ্রহনের জন্য)
১৪। অফিস নথি।